দৈনিক ইনকিলাব

তারিখ DEC. 1 9 1999
পৃষ্ঠা ১০ কলাম ৬

143

## জাতীয় শিক্ষা জরিপ '৯৯ প্রসঙ্গে

গত ২৩-১০-৯৯ থেকে ৬-১১-৯৯ সারাদেশে জাতীয় শিক্ষা জরিপ (পোস্ট প্রাইমারী)-১৯৯৯ পরিচালিত হল। এ জরিপের অন্তর্ভুক্ত প্রতিষ্ঠানগুলো হল পোস্ট জরিপের লক্ষ্য ও উদ্দেশ্য, পোস্ট প্রাইমারী শিক্ষা তথ্য ক্ষেত্রে বেজলাইন ডাটা বা বেঞ্চমার্ক স্থাপিত করা। এ জরিপের আওতায় প্রায় ২৫০০ শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ভালুম আতাউর রহমান খান কলেজ অন্যতম। কোন প্রতিষ্ঠানের সঠিক তথ্য সংগ্রহই এ জরিপের অন্যতম কর্মসূচী হিসেবে প্রতিষ্ঠানসহ প্রতিষ্ঠানের কর্মরত শিক্ষক-কর্মচারীদের যাবতীয় উপাত্ত একটি ছকের মাধ্যমে গ্রহণের ব্যবস্থা নেয়া হয়। আমাদের কলেজে আগত সম্মানিত সুপারভাইজার মহোদয় প্রদত্ত ব্যান বেইস (ফরম নং ৩০০০, শিক্ষক-শিক্ষিকা/কর্মচারী সম্পর্কিত তথ্য ফরমের ১৭/খ) শিক্ষাগত যোগ্যতা (প্রযোজ্য ক্ষেত্রে টিক চিহ্ন দিন) ক্ষেত্রে সর্বডানে 'পাসের বৎসর' ঘরে আমরা যে যে সনের ছাত্র বা ছাত্রী ছিলাম, যেমন ১৯৭৩-এর সম্মান পরীক্ষা ১৯৭৫ সালে অনুষ্ঠিত হলেও আমরা ১৯৭৩ সন লিখতে ইচ্ছুক ছিলাম, কিন্তু সম্মানিত সুপারভাইজারের নির্দেশে ১৯৭৫ লিখতে হয়েছে। অনুরূপ স্নাতকোত্তর ১৯৭৪-এর স্থলে ১৯৭৭ লিখতে হয়েছে। অথচ পার্শ্ববর্তী অন্য থানার কোন এক কলেজে খোঁজ নিয়ে জানতে পারলাম, সে কলেজে দায়িত্বপ্রাপ্ত সুপারভাইজার মহোদয় যথাযথ সন-পরীক্ষা অনুষ্ঠেয় (হেল্ডইন) সন নয়, লিখতে পরামর্শ দিলে তারা তাই লিখেছেন।

জরিপ কর্মসূচীর আগে প্রত্যেক সুপারভাইজারকে একই পদ্ধতিতে প্রশিক্ষণ দেবার কথা। আমরা এ দু'ধরনের সিদ্ধান্তে চিন্তিত যে, কোন সরবরাহকৃত তথ্যটি সঠিক। আর ভুল তথ্যটি পরিবেশনকারীদের চাকরি ক্ষেত্রে ক্ষতির সম্ভাবনা রয়েছে কি না। বিষয়টি গুরুত্বসহকারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিবেচনা করলে বাধিত হব।

–সচ্চিদানন্দ চক্রবর্তী, সহকারী অধ্যাপক,
ভালুম আতাউর রহমান খান কলেজ,
কালামপুর, ধামরাই, ঢাকা-১৩৫১।